চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ১৬ মার্চ'২০২৩খ্রি.

## রোজায় দ্রব্যমূল্য স্থিতিশীল রাখতে কাজ করবে চসিক, সহযোগিতা চান মেয়র

রোজায় দ্রব্যমূল্য স্থিতিশীল রাখতে ব্যবসায়ীসহ সংশ্লিষ্ট সবার সহযোগিতা চেয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার আন্দরকিল্লাস্থ কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে আয়োজিত যৌথ সভায় মেয়র বলেন, কেবল আইন বা শাস্তির মাধ্যমে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখা সম্ভব নয়। এজন্য ব্যবসায়ী ভাইদের সহ সংশ্লিষ্ট সব সরকারি-বেসরকারি সেবা সংস্থার সহযোগিতা প্রয়োজন। রোজার মাসে দ্রব্যমূল্য বৃদ্ধির কারণে সাধারণ রোজাদাররা যাতে কষ্ট না পান সেজন্য আপনাদের সহযোগিতা প্রয়োজন।

"কেউ সিন্ডিকেট করে দ্রব্যমূল্য বৃদ্ধির চেষ্টা করলে সরকার যেকোন পদক্ষেপ নিলে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সে পদক্ষেপে সর্বোচ্চ সহায়তা করবে। ভেজাল খাবার, পানীয় ও সিন্ডিকেটের বিরুদ্ধে রোজা উপলক্ষে বিশেষ অভিযান পরিচালনা করা হবে। একারণে অসাধুদের সাবধান করছি, মানুষকে কষ্ট দিলে আইনি মোকাবিলার জন্য প্রস্তুত হন। "

সভায় কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), চট্টগ্রামের বিভিন্ন ব্যবসায়ী সংগঠন ও প্রতিষ্ঠান এবং বাজারের প্রতিনিধিরা তাদের বিভিন্ন অভিযোগ, আপত্তি, পরামর্শ তুলে ধরেন।

জবাবে মেয়র বলেন, রোজার মাসে কেবল দ্রব্যমূল্য বৃদ্ধি নয় যানজট নিয়ন্ত্রণ নিয়েও ভাবতে হবে। আমি অনেকগুলো ফুটপাত ও সড়ক উদ্ধার করেছি। রোজার মাসে এ জায়গাগুলোতে আবারো হকাররা দোকান স্থাপন করে যাতে বিশৃঙ্খলা সৃষ্টি না করতে পারে সে ব্যাপারে আমি কঠোর থাকব। এ ব্যাপারে কোন আন্দোলন বা অভিযোগ শোনা হবেনা।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান রাজস্ব কর্মকর্তা এবং বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির সদস্য সচিব মোহাম্মদ নজরুল ইসলামের সঞ্চালনায় সভায় উপস্থিত ছিলেন বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির সভাপতি কাউন্সিলর মোহাম্মদ আবদুল মান্নান, হাজী নুরুল হক কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, আবদুস সালাম মাসুম, মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম, পুলিশের এডিসি খালেদ হোসেন, বিএসটিআই উপপরিচালক মো. মাজহারুল হক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চট্টগ্রাম জেলার সহকারি পরিচালক নাসরিন আক্তার, চট্টগ্রাম চেম্বার অফ কমার্সের পরিচালক অহীদ সিরাজ চৌধুরী স্বপনসহ নগরীর বিভিন্ন মার্কেটের সভাপতি, সাধারণ সম্পাদক, ক্যাব প্রতিনিধিগণ।

## সড়ক দুর্ঘটনায় হতাহত কমাতে প্রয়োজন প্রযুক্তির প্রয়োগ: মেয়র

.

সড়ক দুর্ঘটনায় হতাহত কমাতে আধুনিক প্রয়োজন প্রযুক্তির প্রয়োগ এবং অবাকাঠামোর সার্বিক ব্যবস্থাপনার উন্নয়ন প্রয়োজন বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার চট্টগ্রামের একটি হোটেলে সেন্টার ফর ইনজুরি প্রিভেনশন অ্যান্ড রিসার্চ, বাংলাদেশ (সিআইপিআরবি) এবং ভাইটাল স্ট্র্যাটেজিসের সহায়তায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন এবং জন্স হপকিন্স ইন্টারন্যাশনাল ইনজুরি রিসার্চ ইউনিটের যৌথভাবে একটি কর্মশালায় এ মন্তব্য করেন মেয়র।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, কেবল আইন বা শাস্তি দিয়ে সড়ক দুর্ঘটনায় মৃত্যু সম্পূর্ণরূপে ঠেকানো সম্ভব নয়। এজন্য আমাদের গবেষণাভিত্তিক তথ্যের ভিত্তিতে প্রযুক্তির প্রয়োগ এবং প্রয়োজনে বিদ্যমান অবকাঠামোর ব্যবস্থাপনার উন্নয়ন প্রয়োজন। আজকের এ গবেষণার তথ্য আমি নগরীর সড়ক ব্যবস্থাপনা উন্নয়নে কাজে লাগাবো।

ব্লুমবার্গ ফিলানথ্রপিস ইনিশিয়েটিভ ফর গ্লোবাল রোড সেইফটি ২০২০-২০২৫ (বিআইজিআরএস) এর অংশ হিসেবে জন্স হপকিন্স ইন্টারন্যাশনাল ইনজুরি রিসার্চ ইউনিট তাদের স্থানীয় অংশীদার সিআইপিআরবির সাথে মে ২০২২ থেকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনে সড়ক নিরাপত্তার অবস্থা পর্যবেক্ষণ ও মূল্যায়নের জন্য পর্যায়ক্রমে রোডসাইড অবজারভেশনাল স্টাডি পরিচালনা করেছে। উক্ত স্টাডির ফলাফল কর্মশালায় তুলে ধরা হয়।

জন্স হপকিন্স ইন্টারন্যাশনাল ইনজুরি রিসার্চ ইউনিট থেকে ডা. শিরিন ওয়াধানিয়া এবং সেন্টার ফর ইনজুরি প্রিভেনশন অ্যান্ড রিসার্চ, বাংলাদেশ থেকে ডাঃ সেলিম মাহমুদ চৌধুরী গবেষণার ফলাফল উপস্থাপন করেন। তাদের প্রতিবেদনে দেখা যায় যে, গবেষণার সময়কালে মোট ৩ লক্ষ ৫৬ হাজার ৮৭২ টি নমুনা পর্যবেক্ষণ করা হয়।

কর্মশালায় গবেষণায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জানানো হয় চট্টগ্রামে মোটরসাইকেল ব্যবহারকারীদের মধ্যে মাত্র ৫৬ শতাংশ হেলমেট ব্যবহারের করেন। অন্যদিকে গাড়ি ব্যবহারকারীদের মধ্যে সিটবেল্ট ব্যবহারের হার মাত্র ১৫ শতাংশ। এছাড়াও প্রায় ৪০ শতাংশ যানবাহন অনুমোদিত গতির বেশি গতিতে চলতে দেখা যায়।

সভায় সভাপতির বক্তব্যে চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম বলেন, বি আই জি আর এস- এ অংশগ্রহণের মাধ্যমে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আনুষ্ঠানিকভাবে চট্টগ্রামে সড়ক দুর্ঘটনা মোকাবেলায় কাজ শুরু করেছে। তিনি প্রতিষ্ঠানের ভবিষ্যৎ কার্যক্রম পরিকল্পনা করার সময় রোডসাইড অবজারভেশনাল স্টাডি-এর ফলাফল ব্যবহার করার জন্য আগ্রহ প্রকাশ করেন এবং কর্মশালার সকল অংশগ্রহণকারীদেরকেও তা করার জন্য অনুরোধ করেন।

সভায় বিশেষ অতিথির বক্তব্যে চসিকের প্রধান প্রকৌশলী জনাব রফিকুল ইসলাম বলেন, সড়ক দুর্ঘটনার ফলে বাংলাদেশ বিশেষ করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন অর্থনৈতিকভাবে ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়েছে। এছাড়াও তিনি তার এলাকায় সড়ক এলাকায় সড়ক নিরাপত্তা নিশ্চিত করতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের গৃহীত উদ্যোগ ও চলমান কার্যক্রমের কথা জানান।

সিআইপিআরবির ডেপুটি ম্যানেজার (এম অ্যান্ড ই) কাজী বোরহান উদ্দিনের সঞ্চালনায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সিএমপির অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক) কাজী হুমায়ুন রশিদ, বিআরটিএর সহকারী পরিচালক আতিকুর রহমানসহ সিসিসি, সিডিএ ও বিভিন্ন সরকারি সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। এছাড়াও বাংলাদেশের বিআইজিআরএস এর ঢাকা ও চট্টগ্রামের কর্মকর্তাবৃন্দ, যাত্রী কল্যাণ সমিতির প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে চসিকের দিনব্যাপী কর্মসূচি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ জাকজমকপূর্ণভাবে উদযাপন করবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক)।

শুক্রবার (১৭ মার্চ) দিনব্যাপী আয়োজনের মূল আকর্ষণ হিসেবে থাকছে শেখ রাসেল পার্কে (শহীদ শাহজাহান মাঠ সংলগ্ন, আমবাগান-পাহাড়তলী) সকাল সাড়ে ৯ টায় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে চসিক মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

এবারের আয়োজনে রয়েছে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পতাকা উত্তোলন এবং সকাল ৯টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। দিবস উপলক্ষে সকাল সোয়া ৯টা থেকে ওয়ার্ডস্থ স্বাস্থ্য কেন্দ্র সমূহে ও চসিক জেনারেল হাসপাতাল, সদরঘাট, চট্টগ্রামে দিনব্যাপী ফ্রি চিকিৎসা সেবা প্রদান করা হবে। স্বাস্থ্যবিধি অনুসরণ করে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান, শিশু উৎসব ও কেক কাটা হবেl চট্টগ্রাম সিটি কর্পোরেশন ভুক্ত মসজিদ, মাদ্রাসায় মিলাদ ও বিশেষ মোনাজাত, মন্দির ও গির্জায় হবে বিশেষ প্রার্থনা। এছাড়া, গুরুত্বপূর্ণ স্থানে আলোকসজ্জা, ফ্লাইওভারের নিচে বিদ্যমান এলইডি দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণ, স্বাধীনতা ও বঙ্গবন্ধুকে নিয়ে নির্মিত স্বল্পদৈর্ঘ্য ও তথ্যচিত্র প্রদর্শন, ড্রপওয়াল প্রদর্শন করা হবে। পাশাপাশি ৪১টি ওয়ার্ডে কাউন্সিলরদের নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও অন্যান্য কর্মসূচি পালন ও বিভিন্ন স্কুল ও কলেজে সরকারী নির্দেশনা মোতাবেক যথাযথ কর্মসূচি পালন করা হবে। অনুষ্ঠান সমুহে সংশ্লিষ্ট সবাইকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

স্বাক্ষরিত/-
**(আজিজ আহমদ)**
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮